দৈনিক ইত্তেফাক

তারিখ 08 JUL 1994
পৃষ্ঠা 7 কলাম ৬

46

## এস,এস,সির উত্তরপত্র চুরি

গাজীপুর সংবাদদাতা ।। পরীক্ষকের ট্রাংকের তালা ভাঙ্গিয়া এস, এস-সি পরীক্ষা '৯৪-এর সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্রের ৯৯টি উত্তরপত্র চুরি হইয়া গিয়াছে। ভাওয়াল মির্জাপুর হাজী জমির-

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## উত্তরপত্র চুরি

( ১ম পৃঃ পর )

উদ্দিন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সত্যনাথ পাল গতকাল বৃহস্পতিবার এই মর্মে সদর থানায় মামলা দায়ের করেন যে, গত ৪ঠা জুলাই রাত্রে কে বা কাহারা বিদ্যালয়ের ছাত্রাবাসের একটি কক্ষের তালা ভাঙ্গিয়া কক্ষে প্রবেশ করে এবং ট্রাঙ্কের তালা ভাঙ্গিয়া ৯৯টি উত্তরপত্রসহ ট্রাঙ্কটি লইয়া যায়। ট্রাঙ্কে ২৮০৯ ও ২৮১০নং ২টি প্যাকেট ছিল।